

তথ্য কমিশনে ১১/০৬/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১৩ টি অভিযোগের শুনানীশেষে ০৫ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৭ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলা প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। ০১ টি অভিযোগ গ্রহণযোগ্য নয় মর্মে নিষ্পত্তি করা হয়।

অন্যদিকে মাদারীপুর গণপূর্ত বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী বিরুদ্ধে তিনটি অভিযোগ, আইন ও সালিশ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে তিনটি অভিযোগ এবং মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd